গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
পরিকল্পনা শাখা-১
www.mopme.gov.bd

নং- ৩৮.০১২.০১৬.০৩.০০.০২৫.২০১০-৩৬২ তারিখঃ ২৪ জুলাই ২০১৮ খ্রিঃ

বিষয়ঃ "দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি"-শীর্ষক প্রকল্পের পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশের উপর ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৩ ও ০৪ এপ্রিল ২০১৮ তারিখ আইএমইডি'র জনাব জুয়েল রানা, উপ-পরিচালক "দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি"-শীর্ষক প্রকল্পের বরিশাল জেলার সদর ও বাকেরগঞ্জ উপজেলার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। তাঁর পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশের উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক ০৯ (নয়) পৃষ্ঠা।

২৪/০৭/১৮
(মোঃ নূরুন্নবী)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯৫৭৭২৫৬
mopmeplan1@gmail.com

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

অনুলিপিঃ

১. প্রকল্প পরিচালক, দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

D:\School Feeding\Bangla\Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬

www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.১৫৬.১৪.০০৩.১৭-১৩৪ তারিখ: ০২/০৭/২০১৮ খ্রি:

বিষয়ঃ **“দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি (৩য় সংশোধিত)” -শীর্ষক প্রকল্পের পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ।**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি (৩য় সংশোধিত)”- শীর্ষক প্রকল্পটির বাস্তবায়নাধীন কার্যক্রম আইএমইডি কর্তৃক গত ০৩-০৪/০৪/২০১৮ ইং তারিখে বরিশাল জেলার সদর ও বাকেরগঞ্জ উপজেলায় সরেজমিন পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শনের ভিত্তিতে প্রণীত পরিবীক্ষণ প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হল।

০২। পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশসমূহের আলোকে গৃহীত ব্যবস্থা আইএমইডি'কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সচিব-এর দপ্তর

অতিরিক্ত সচিব	গুরুত্বপূর্ণ
	জরুরী
অতিরিক্ত সচিব (উন্নয়ন)	পরীক্ষান্তে পেশ
অতিরিক্ত সচিব (প্রশাসন)	নথিতে পেশ
যুগ্ম-সচিব (প্রশাসন)	
যুগ্ম সচিব (উন্নয়ন)	
সচিবের একান্ত সচিব	

ডাইরী নং.....২৪০

তারিখ.....

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক (০৮ পৃষ্ঠা)।

(জুয়েল রানা)
উপপরিচালক
ফোনঃ ৯১০৩৪১৬

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অতিরিক্ত সচিব (উন্নয়ন)
এর দপ্তর
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।

৩। প্রকল্প পরিচালক, “দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি (৩য় সংশোধিত)” -শীর্ষক প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

৫। মহাপরিচালক (সেক্টর-৬) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।

৬। অফিস কপি।

সিনিয়র সহকারী প্রধান-১
সিনিয়র সহকারী প্রধান-২
সিনিয়র সহকারী প্রধান-৩
পরিসংখ্যান কর্মকর্তা

উপ-প্রধান

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব এর দপ্তর
ডাইরী নম্বর :
তারিখ :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

প্রকল্প পরিবীক্ষণ ছক

পরিদর্শনের তারিখ: ০৩-০৪/০৪/২০১৮ খ্রিঃ

পরিদর্শনকারী কর্মকর্তার নাম: জুয়েল রানা **পদবী:** উপপরিচালক **সেক্টর:** পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬

ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১. **প্রকল্পের নাম:** দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি (৩য় সংশোধিত)।

২. **প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা):** বিনিয়োগ প্রকল্প।

৩.

৩.১ **অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য):** জিওবি ও প্রকল্প সাহায্য।

৩.২ **উন্নয়ন সহযোগী:** বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP)

৪.

৪.১ **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ:** প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

৪.২ **বাস্তবায়নকারী সংস্থা:** প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

৫. **(ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:** **(লক্ষ টাকা)**

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র:সাহায্য	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল ডিপিপি	১১৪২৭৯.৯১	৫৯৭৭০.৫৭	৫৪৫০৯.৩৪	-	১ জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০১৪	০৮ নভেম্বর ২০১০	-	-
সংশোধিত (১ম)	১৫৭৭৯৩.১১	৮৭৫৭৪.৫০	৭০২১৮.৬১	-	১ জুলাই ২০১০ হতে ৩১ ডিসেম্বর ২০১৪	১৭ ফেব্রুয়ারি ২০১৩	৩৮.০৮%	১২.৫০%
সংশোধিত (২য়)	৩১৪৫৫২.২০	২১৪৫৯৯.৬৫	৯৯৯৫২.৫৫	-	১ জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০১৭	১৮ জানুয়ারি ২০১৫	৯৯.৩৪%	৫৫.৫৬%
সংশোধিত (৩য়)	৪৯৯১৯৭.২৯	৩৭৩৭০৬.৮২	১২৫৪৯০.৪৭	-	১ জুলাই ২০১০ হতে ৩১ ডিসেম্বর ২০২০	১৬ জুলাই ২০১৭	৫৮.৭০%	৫০.০০%

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): ৩৩৬.৮২%।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%): ১৬২.৫%।

৬. প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে):

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/ পৌরসভা	সমগ্র বাংলাদেশ
০৮টি	৩৫টি	১০৪টি	--	--

৭. প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত):

- প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী দরিদ্র শিশুদের ভর্তি হার বৃদ্ধিকরণ
- প্রাথমিক বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের নিয়মিত উপস্থিতির হার বৃদ্ধিকরণ
- প্রাথমিক বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ঝরে পড়ার প্রবণতা রোধকরণ
- প্রাথমিক শিক্ষা চক্রের সমাপ্তির হার বৃদ্ধিকরণ
- প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের দৈনন্দিন পুষ্টি চাহিদা পূরণ করা
- প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন

খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

৮. অঙ্গভিত্তিক অগ্রগতি:

(লক্ষ টাকা)

		৩য় সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		৩০ জুন, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		২০১৭-১৮ (চলতি) অর্থ বছরে সংশোধিত বাজেট বরাদ্দ অনুযায়ী লক্ষ্যমাত্রা		কাজের অগ্রগতি জুলাই ২০১৭ হতে মে ২০১৮ পর্যন্ত	
ক্রমিক নং	অংগের নাম	বাস্তব	আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	আর্থিক
১	২	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১	জনবল	২৩ জন	৪৫৮৮.৬৮		২৫৭০.০৩	২৩ জন	৫২১.০৭	২৩ জন	৪৫৩.৪১
২	ভ্রমণ ব্যয়	থোক	৫৫৬.৫০		২৬৮.২৪	থোক	৮৩.০০	চলমান	৭৫.১৯
৩	বদলী ব্যয়	থোক	৫.৭৯		১.০৬	থোক	১.০০	চলমান	-
৪	অতিরিক্ত কাজের ভাতা	থোক	০.৪৬		০.০৬	থোক	০.০৮	চলমান	-
৫	অন্যান্য টেক্স	থোক	১৭৫.০০		-	থোক	-	চলমান	-
৬	পোস্টাল/টেলিফোন/টেলিগ্রাফ/ মোবাইল ফ্যাক্স ইন্টারনেট	২ জন	৪৮.১৭		১৭.৯৮	২ জন	৬.৫৮	চলমান	২.০৯
৭	রেজিস্ট্রেশন ফি ও অন্যান্য	থোক	৪০.২৫		৬.৪৬	থোক	৭.০০	চলমান	৩.৫৪
৮	পানির বিল, ইলেকট্রিক বিল	থোক	২.০০		-	থোক	০.২০		-
৯	তেল/ গ্যাস	৪টি গাড়ীর জন্য	৯৬.৮৪		৩২.১৮	৪টি গাড়ীর জন্য	১৬.০০	৪টি গাড়ীর জন্য	১০.৯৭
১০	প্রেট্রোল ও লুব্রিক্যান্ট	৪টি গাড়ীর জন্য	১০৪.২৯		৫৯.৩৭	৪টি গাড়ীর জন্য	১১.৪০	৪টি গাড়ীর জন্য	৯.১১
১১	মুদ্রণ ও প্রকাশনা ও ষ্টেশনারী, সিল ও ষ্ট্যাম্পস	থোক	৮৯২.৬০		২৫৫.১০	থোক	১৫৪.৫০	চলমান	১২৯.২৪
১২	বইপত্র ও সাময়িকী, প্রচার ও বিজ্ঞাপণ	থোক	৪৫.৮৬		২২.৪৯	থোক	৫.২০	চলমান	২.০৩
১৩	প্রশিক্ষণ ব্যয় :	থোক				থোক			
	ক) স্থানীয় প্রশিক্ষণ	থোক	৭৮৭.১৪		২৯০.০৪	থোক	১৮৯.২০	চলমান	১৩৫.০০
	খ) বৈদেশিক প্রশিক্ষণ	থোক	৪৯৯.০০		৯৯.০০	থোক	২০০.০০	চলমান	১৮০.০০
১৪	সভা, সেমিনার ও কর্মশালা	প্রকল্প অফিস ও ১০৪ টি উপজেলা (কর্ম এলাকা)	২১০.০২		১০২.৪২	প্রকল্প অফিস ও ১০৪ টি উপজেলা (কর্ম এলাকা)	৩৬.০০	০৭টি	২৭.৫০
১৫	আপ্যায়ন ব্যয়	থোক	৯.০৪		৪.০৪	থোক	১.২০	চলমান	০.৫০
১৬	ব্যবহার্য দ্রব্যাদি ক্রয়	থোক	১০.৫৬		৪.০৬	থোক	১.৫০	চলমান	০.৫০
১৭	সভার সম্মানী	নির্ধারিত সংখ্যক অন্যান্য কমিটির মিটিংয়ের জন্য	১.০০		১.০০	নির্ধারিত সংখ্যক অন্যান্য কমিটির মিটিংয়ের জন্য	-	-	-

		৩য় সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		৩০ জুন, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		২০১৭-১৮ (চলতি) অর্থ বছরে সংশোধিত বাজেট বরাদ্দ অনুযায়ী লক্ষ্যমাত্রা		কাজের অগ্রগতি জুলাই ২০১৭ হতে মে ২০১৮ পর্যন্ত	
ক্রমিক নং	অংশের নাম	বাস্তব	আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত	আর্থিক
১	২	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১৮	খাদ্য সামগ্রী সংগ্রহ (এজেন্সী ফি, প্রিমিক্স আমদানী ও সংশ্লিষ্ট পরিদর্শক ফি)	প্রকল্পের কর্ম এলাকার ১০৪টি উপজেলায় প্রাথমিক স্তরের বিভিন্ন প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য ২৯০ হাজার ৭৪২ মে. টন উচ্চ পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুট ক্রয়	৪৩৫,৬১১.৭৩		২৩৯,৪৪০.১৮	প্রকল্পের কর্ম এলাকার ১০৪টি উপজেলায় প্রাথমিক স্তরের বিভিন্ন প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য ৩৯ হাজার ৯৩৫ মে. টন উচ্চ পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুট ক্রয়	৪১,৯৩২.০০	প্রকল্পের কর্ম এলাকার ১০৪ টি উপজেলায় প্রাথমিক স্তরের বিভিন্ন প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য ২৭ হাজার ২৮৫ মে. টন উচ্চ পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুট ক্রয়	৩৪,৪৯৫.৩৮
১৯	পরিস্কার পরিচ্ছন্নতা	থোক	০.৪০		-	থোক	-	চলমান	-
২০	আইন খরচ	থোক	২.২০		-	থোক	০.৫০	চলমান	-
২১	সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক	থোক	৩৪.২০		২৪.০০	থোক	২.৫০	চলমান	২.০০
২২	কপি/অনুলিপি ব্যয়	থোক	৪.২৫		২.১৫	থোক	০.৫০	চলমান	০.৩০
২৩	কম্পিউটার সামগ্রী	থোক	১৩.৬৮		৮.৮৬	থোক	১.২০	চলমান	০.৪০
২৪	অনুষ্ঠান/উৎসবাদি	থোক	১৩.১৪		৭.৬৪	থোক	১.৩০	চলমান	-
২৫	কমিটি মিটিং (সম্মানী ও আপ্যায়ন)	নির্ধারিত সংখ্যক প্রকল্প স্টিয়ারিং/ইমপ্লিমেন্টেশন কমিটির মিটিংয়ের জন্য	১৮.৪৮		৬.৩২	নির্ধারিত সংখ্যক প্রকল্প স্টিয়ারিং/ইমপ্লিমেন্টেশন কমিটির মিটিংয়ের জন্য	৩.৬৬	৪টি প্রকল্প স্টিয়ারিং/ইমপ্লিমেন্টেশন কমিটির মিটিংয়ের জন্য	১.৪২
২৬	বিশেষ ব্যয় :								
	(ক) মনিটরিং ও মূল্যায়ন	১০৪ টি উপজেলা (প্রকল্পের কর্ম এলাকা)	১,৩৯১.১০		৭৬৬.৯৪	১০৪ টি উপজেলা (প্রকল্পের কর্ম এলাকা)	১৫১.২৩	চলমান	১৩৮.৩০
	(খ) সামাজিক উদ্বুদ্ধকরণ	১০৪ টি উপজেলা (প্রকল্পের কর্ম এলাকা)	৬৭৭.২৫		৩২০.১৯	১০৪ টি উপজেলা (প্রকল্পের কর্ম এলাকা)	৯৫.০০	১৩টি	৮৫.০৮
	(গ) বিস্কুট বিতরণ ফি	১০৪ টি উপজেলা (প্রকল্পের কর্ম এলাকা)	২৭,৬৬৯.৭৫		১২,৮৯৬.১১	১০৪ টি উপজেলা (প্রকল্পের কর্ম এলাকা)	৩,৩৯৪.০০	৯৩ টি উপজেলা (প্রকল্পের কর্ম এলাকা)	২,৩০৪.৬৯
	(ঘ) বিস্কুটের গুণগত মান সংরক্ষণ ফি	থোক	৯৭৭.৭৪		৭৯৫.৩১	৬ হাজার ২৭৪ মে. টন বিস্কুট	৭৭.০৩	০৪ হাজার ৬৪৭ মে. টন বিস্কুট	৭০.৪০
	(ঙ) পাইলট উদ্যোগ	থোক	২৩,৬৯৮.৭৩		১,২৮৭.৯১	থোক	১,৪৪৩.৮৫	চলমান	১,২৮০.০০
২৭	অন্যান্য	থোক	৬৫.৭৯		৫.৪৯	থোক	১৪.৬০	চলমান	৮.৮০
২৮	মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন	থোক	২৫৭.৫১		১০৮.৯১	থোক	৩৪.৭০	চলমান	২০.১৭
২৯	মোটরযান	২টি গাড়ীর জন্য	৭৮.৮০		৭৮.৮০	২টি গাড়ীর জন্য	-	ক্রয় করা হয়েছে	-
৩০	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম	প্রকল্পের কর্মএলাকার বিস্কুট সংরক্ষণের ওয়্যার হাউজের জন্য নির্ধারিত সংখ্যক প্যালেট, ওজন মেশিন, টুল বক্স, মই, ট্রলি, অগ্নি নির্বাপন যন্ত্র, এবং অন্যান্য ক্রয়	৩৯১.৫৩		২৬১.৯৩	প্রকল্পের কর্মএলাকার বিস্কুট সংরক্ষণের ওয়্যার হাউজের জন্য নির্ধারিত সংখ্যক প্যালেট, ওজন মেশিন, টুল বক্স, মই, ট্রলি, অগ্নি নির্বাপন যন্ত্র, এবং অন্যান্য ক্রয়	১২.২৫	প্রকল্পের কর্মএলাকার বিস্কুট সংরক্ষণের ওয়্যার হাউজের জন্য নির্ধারিত সংখ্যক প্যালেট, ওজন মেশিন, টুল বক্স, মই, ট্রলি, অগ্নি নির্বাপন যন্ত্র, এবং অন্যান্য ক্রয়	৮.৫০
৩১	কম্পিউটার ও যন্ত্রপাতি	নির্ধারিত সংখ্যক কম্পিউটার, ইউপিএস, লাইট, প্রিন্টার এবং অন্যান্য ক্রয়	৯৪.৪৩		৫৮.৪৩	নির্ধারিত সংখ্যক কম্পিউটার, ইউপিএস, লাইট, প্রিন্টার এবং অন্যান্য ক্রয়	১১.০০	নির্ধারিত সংখ্যক কম্পিউটার, ইউপিএস, লাইট, প্রিন্টার এবং অন্যান্য ক্রয়	৯.৫৫
৩২	আসবাব পত্র	নির্ধারিত সংখ্যক চেয়ার, টেবিল, আলমারী ইত্যাদি ক্রয়	১০৯.৯০		৭০.৯০	নির্ধারিত সংখ্যক চেয়ার, টেবিল, আলমারী ইত্যাদি ক্রয়	৫.৭৫	নির্ধারিত সংখ্যক চেয়ার, টেবিল, আলমারী ইত্যাদি ক্রয়	৫.০০
৩৪	গাড়ী রক্ষনাবেক্ষন	প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তার ১টি গাড়ী রক্ষনাবেক্ষনের জন্য বিশেষ বরাদ্দ	১৩.৪৮		৫.৬৭	প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তার ১টি গাড়ী রক্ষনাবেক্ষনের জন্য বিশেষ বরাদ্দ	৩.০০	প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তার ১টি গাড়ী রক্ষনাবেক্ষনের জন্য বিশেষ বরাদ্দ	২.৭৫
মোট			৪৯৯২০২.২৯	-	২৫৯,৮৭৯.২৭	মোট	৪৮,৪১৮.০০		৩৯,৪৬১.৮২

- আলোচ্য প্রকল্পের চলতি ২০১৭-১৮ অর্থবছরের মোট আরএডিপি বরাদ্দের (৪৮৪১৮.০০ লক্ষ টাকা) বিপরীতে জুলাই-মে, ২০১৮ পর্যন্ত ব্যয় হয়েছে ৩৯,৪৬১.৮২ লক্ষ টাকা। আর্থিক অগ্রগতি ৮১.৫০%।

৯. অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:

(লক্ষ টাকা)

অর্থবছর	ডিপিপি/টিপিপি সংস্থান			বরাদ্দ (আরএডিপি)			অর্থছাড়	ব্যয়			
	জিওবি	ডিপিএ	মোট	জিওবি	ডিপিএ	মোট	টাকা	জিওবি	ডিপিএ	মোট	ব্যয়ের শতকরা হার
২০১০-১১	১৫০১০.৮৬	১৩০৫৯.২০	২৮০৭০.০৬	৫০.০০	৯০৪০.০০	৯০৯০.০০	৫০.০০	৬.৮৬	৮৮৯০.০০	৮৮৯৬.৮৬	৯৭.৮৮%
২০১১-১২	১৪৯১৭.২৪	১৩৫৫০.০৫	২৮৪৬৭.২৯	১০৪০০.০০	১৩৫৫০.০০	২৩৯৫০.০০	১০৪০০.০০	৯৮৭৬.৫৫	১৩৫৫০.০০	২৩৪২৬.৫৫	৯৭.৮১%
২০১২-১৩	২৮৩৮২.৪৪	২০৩০৬.১১	৪৮৬৮৮.৫৫	২২৯০০.০০	২০১০০.০০	৪৩০০০.০০	২২৯০০.০০	২২৮৭৩.৮৬	২০০৯৯.১৭	৪২৯৭৩.০৩	৯৯.৯৪%
২০১৩-১৪	৩৮৭৭০.৬৯	১৮৩০৬.০০	৫১১৭৬.৬৯	২৮০০০.০০	১৮৩০০.০০	৪৬৩০০.০০	২৮০০০.০০	২৭৯৬৫.৬৪	১৮২৯৯.২৭	৪৬২৬৪.৯১	৯৯.৯২%
২০১৪-১৫	৪০৯২৯.১২	১৪৮৮৭.০১	৫৫৮১৬.১৩	২৭০০০.০০	১৪৮৮০.০০	৪১৮৮০.০০	২৭০০০.০০	২৬৯০১.৬০	১৪৮৭৮.৩২	৪১৭৭৯.৯২	৯৯.৭৬%
২০১৫-১৬	৫৫৮৮৫.৩৬	১২০৪৫.৭২	৬৭৯৩১.০৮	৩৬১৬৬.০০	১২০০০.০০	৪৮১৬৬.০০	৩৬১৬৬.০০	৩৬০৭২.৬৫	১১৯৯৮.৫৭	৪৮০৭১.২২	৯৯.৮০%
২০১৬-১৭	৪১৮৩০.০০	১২১৮০.০০	৫৪০১০.০০	৪১৮৩০.০০	১২১৮০.০০	৫৪০১০.০০	৪১৮৩০.০০	৩৬২৯৬.১৬	১২১৭০.৬৩	৪৮৪৬৬.৯৭	৮৯.৭৪%
২০১৭-১৮	৫৩৩৮০.৬৭	৯৪৪৪.৫১	৬২৮২৫.১৮	৩৯০০০.০০	৯৪১৮.০০	৪৮৪১৮.০০	৩৯০০০.০০	৩০৭৫৬.৬৪	৮৭০৫.১৮	৩৯৪৬১.৮২	*৮১.৫০%

* মে, ২০১৮ পর্যন্ত।

১০. (ক) ডিপিপি/টিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা কতটি: পণ্য- **১৪টি প্যাকেজ, সেবা- ৩৫টি প্যাকেজ।**

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ (১,২,৩....)	দরপত্র আহব্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ	বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
প্যাকেজ সংক্রান্ত বিস্তর তথ্যাদি পাওয়া যায়নি।				

১১. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক-এর নাম ও আইডি নং	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
জনাব বাবলু কুমার সাহা (৪৭০১)	জনপ্রসাশন মন্ত্রণালয় যুগ্মসচিব; পরবর্তীতে অতিরিক্ত সচিব	১০.০৭.২০১১ হতে ১৮.০২.২০১৬	নিয়মিত	না	
জনাব রাম চন্দ্র দাস (৪১৫৩)	জনপ্রসাশন মন্ত্রণালয় যুগ্মসচিব; বর্তমানে অতিরিক্ত সচিব	১৯.০২.২০১৬ হতে অদ্যাবধি	নিয়মিত	না	

১২. ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে):

প্রযোজ্য নয়

১৩. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:

২০১৬-১৭ অর্থ বছরের অডিট সম্পন্ন হয়েছে। এছাড়া, প্রকল্পের শুরু থেকে ২০১৫-১৬ অর্থবছর পর্যন্ত অডিট আপত্তিসমূহ নিষ্পন্ন হয়েছে।

১৪. স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত:

এ পর্যন্ত ২১টি স্টিয়ারিং এবং ১২টি পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে। সভাসমূহে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হচ্ছে মর্মে জানা যায়।

১৫. Project Management Information System (PMIS)/অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে): প্রযোজ্য নয়

গ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:

১৬. (ক) **পরিদর্শনকৃত এলাকা:** বরিশাল জেলার সদর ও বাকেরগঞ্জ উপজেলা।

(খ) পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ: **জনাব বাবুলাল রবিদাস, সহকারী পরিচালক, আইএমইডি; তারিখ: ২৬/০৪/২০১৭ খ্রিঃ।**

১৭. পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:

ক. পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ: স্কুল ফিডিং প্রকল্পের ক্রয় সংক্রান্ত কার্যক্রম প্রচলিত আইন/বিধি অনুসরণ করা হচ্ছে মর্মে জানা যায়।

খ. গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত): প্রকল্প আওতায় বিতরণকৃত বিস্কুট আন্তর্জাতিক মান সম্পন্নভাবে প্রস্তুত করা হয় মর্মে জানা যায়।

গ. সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে): প্রযোজ্য নয়।

ঘ. বাস্তবায়নকালে উদ্ভূত নতুন ঝুঁকি/বাস্তবায়ন সমস্যা (যদি থাকে): এ পর্যায়ে আলোচ্য প্রকল্পের উল্লেখযোগ্য কোন ঝুঁকি/বাস্তবায়ন সমস্যা নেই মর্মে জানা যায়।

ঙ. সুবিধাভোগীর মতামত (প্রযোজ্য ক্ষেত্রে):

পরিদর্শিত প্রাথমিক বিদ্যালয়সমূহে স্কুল ফিডিং কার্যক্রমের ফলে দরিদ্র শিশুদের ভর্তির হার বৃদ্ধি, উপস্থিতি বৃদ্ধি এবং ঝরে পড়ার হার কমার পাশাপাশি ছাত্র-ছাত্রীদের দৈনন্দিন পুষ্টি চাহিদা পূরণ হচ্ছে মর্মে প্রতিষ্ঠানসমূহের শিক্ষকবৃন্দ, অভিভাবক ও সংশ্লিষ্টরা জানান।

১৮. সার্বিক পর্যবেক্ষণ:

- **দিয়া পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ঃ**

পরিদর্শিত এ বিদ্যালয়টি বরিশাল জেলার সদরে অবস্থিত। ১৯৪৩ সালে স্থাপিত এ প্রতিষ্ঠানের বর্তমানে শিক্ষার্থীর সংখ্যা ২৮১ জন (ছাত্র ১৪২ জন ও ছাত্রী ১৩৯ জন) এবং শিক্ষকের সংখ্যা ০৮ জন। আলোচ্য প্রকল্পের আওতায় পরিদর্শিত এ বিদ্যালয়টিতে ২০১৬ ও ২০১৭ বর্ষপঞ্জিতে যথাক্রমে মোট ৫৪২.৩৯ কার্টুন ও ৩৯৯.৯২ কার্টুন বিস্কুট ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করেছে মর্মে জানা যায়। বিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষকবৃন্দ ও সংশ্লিষ্ট অভিভাবকরা জানান যে, বিস্কুট পুষ্টিমান সম্পন্ন হলেও প্রতিদিন একই খাবার, যা একঘেয়েমী। এখানে খাবারে বৈচিত্র আনা যেতে পারে বলে তাঁরা মত দেন।

- **মাকরকাঠী সরকারি প্রাথমিক বিদ্যালয়ঃ**

পরিদর্শিত এ বিদ্যালয়টি বরিশাল জেলার সদরে অবস্থিত। ১৯৪৩ সালে স্থাপিত এ প্রতিষ্ঠানের বর্তমানে শিক্ষার্থীর সংখ্যা ১৮৩ জন (ছাত্র ৮২ জন ও ছাত্রী ১০১ জন) এবং শিক্ষকের সংখ্যা ০৭ জন। আলোচ্য প্রকল্পের আওতায় পরিদর্শিত এ বিদ্যালয়টিতে ২০১৬ ও ২০১৭ বর্ষপঞ্জিতে যথাক্রমে মোট ৪১৯.২২ কার্টুন ও ৩২৭.৬১ কার্টুন বিস্কুট ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করেছে মর্মে জানা যায়। বিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষকবৃন্দ ও সংশ্লিষ্ট অভিভাবকরা জানান যে, প্রাক-প্রাথমিক শ্রেনি থেকে ৫ম শ্রেনি পর্যন্ত সবারই বিস্কুটের পরিমান সমান। এক্ষেত্রে প্রাক-প্রাথমিক বা প্রথম শ্রেনির শিক্ষার্থীদের বিস্কুটের পরিমান বেশি হয়ে যাচ্ছে, অপরদিকে ৪র্থ বা ৫ম শ্রেনির শিক্ষার্থীদের ক্ষুধা থেকে যাচ্ছে মর্মে জানা যায়। এছাড়া, বিস্কুটের কার্টুন গ্রহণ, রক্ষণাবেক্ষণ, রেজিস্টার সংরক্ষণ এবং বিতরণ প্রভৃতি কার্যক্রম বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ পাঠদানের পাশাপাশি সম্পন্ন করে থাকেন। এ কর্মযজ্ঞের বিপরীতে তাঁদের কোন ভাতা/ইনসেন্টিভ প্রদান করা যায় কিনা তা বিবেচনার জন্য প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ সুপারিশ করেন।

- **হলতা বোর্ড সরকারি প্রাথমিক বিদ্যালয়ঃ**

পরিদর্শিত এ বিদ্যালয়টি বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় অবস্থিত। ১৯৩৯ সালে স্থাপিত এ প্রতিষ্ঠানের বর্তমানে শিক্ষার্থীর সংখ্যা ২৮০ জন (ছাত্র ১৩৭ জন ও ছাত্রী ১৪৩ জন) এবং শিক্ষকের সংখ্যা ০৭ জন। আলোচ্য প্রকল্পের আওতায় পরিদর্শিত এ বিদ্যালয়টিতে ২০১৬-১৭ অর্থবছরে মোট ৫৭৬.৭১ কার্টুন এবং ২০১৭-১৮ অর্থবছরের মার্চ, ২০১৮ পর্যন্ত মোট ৩০১.৭৬ কার্টুন বিস্কুট ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করেছে মর্মে জানা যায়। বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ও সংশ্লিষ্ট অভিভাবকরা জানান যে, প্রতিদিন একই খাবার হওয়ার কারণে অনেক শিক্ষার্থীদের মধ্যে বাইরে ভ্রাম্যমান হকারদের কাছে বিস্কুট দিয়ে এর পরিবর্তে খোলা খাবার নেয়ার প্রবণতা রয়েছে। তাই খাবারে বৈচিত্র আনা তথা মিড ডে মিলের দেওয়ার গুরুত্ব দেন। তবে বিদ্যালয়ে উপস্থিত শিক্ষার্থীরা প্রতিদিন নিয়মিত বিস্কুট পাচ্ছে বলে জিজ্ঞাসাবাদে শিক্ষার্থী ও অভিভাবকরা জানান।

- **১৯নং গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ঃ**

পরিদর্শিত এ বিদ্যালয়টি বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় অবস্থিত। ১৯৭০ সালে স্থাপিত এ প্রতিষ্ঠানের বর্তমানে শিক্ষার্থীর সংখ্যা ৯১ জন (ছাত্র ৪১ জন ও ছাত্রী ৫০ জন) এবং শিক্ষকের সংখ্যা ০৪ জন। আলোচ্য প্রকল্পের আওতায় পরিদর্শিত এ বিদ্যালয়টিতে ২০১৬-১৭ অর্থবছরে মোট ১৫০.০৬ কার্টুন এবং ২০১৭-১৮ অর্থবছরের মার্চ, ২০১৮ পর্যন্ত মোট ১২৫.৭৩ কার্টুন বিস্কুট ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করেছে মর্মে জানা যায়। বিদ্যালয়টিতে প্রকল্পের কার্যক্রম পরিদর্শনকালে শিক্ষার্থীদের উপস্থিতির সংখ্যা খুবই কম প্রতীয়মান হলো। তথাপি বিগত কয়েক মাসের বিস্কুট বিতরণের রেজিস্টারে উপস্থিতির হার বেশি দেখানো হয়েছে, যা উপস্থিতির হাজিরা খাতার সাথে সামঞ্জস্যতা নেই। রেজিস্টার ও অন্যান্য পত্রাদি পর্যবেক্ষণ করে দেখা যায় যে, প্রকল্পের আওতায় বিস্কুট বিতরণ ও খাবারের নিয়মাবলী পরিদর্শিত এ প্রতিষ্ঠানটি যথাযথভাবে অনুসরণ করেনি। বিশেষকরে শিক্ষার্থীর উপস্থিতির চেয়ে বিস্কুট বেশি বিতরণ দেখানো; কোন কোন শ্রেণির মোট শিক্ষার্থীর সংখ্যার চেয়ে বিস্কুট বেশি বিতরণ দেখানোসহ রেজিস্টার ও অন্যান্য সংশ্লিষ্ট পত্রাদি কাটাছেঁড়া (ফ্লুইড ব্যবহার) অবস্থা পরিলক্ষিত হয়। এ বিষয়ে উপস্থিত শিক্ষকবৃন্দ কোন সন্তোষজনক উত্তর দিতে পারেনি।

১৯. প্রকল্প পরিদর্শনের স্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:

চিত্র	বর্ণনা
	দিয়া পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ফিডিং কার্যক্রম পরিদর্শন।
	মাকরকাঠী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ফিডিং কার্যক্রম পরিদর্শনকালে।
	হলতা বোর্ড সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ফিডিং কার্যক্রম পরিদর্শন।
	১৯নং গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ফিডিং কার্যক্রম পরিদর্শনকালে।

২০. সুপারিশ/মতামত:

২০.১ বিস্কুট পুষ্টিমান সম্পন্ন হলেও প্রতিদিন একই খাবার, যা একঘেয়েমী। এখানে খাবারে বৈচিত্র আনা যেতে পারে বলে বিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষকবৃন্দ ও সংশ্লিষ্ট অভিভাবকরা মত দেন। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নকারী সংস্থা বিবেচনাপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

২০.২ প্রাক-প্রাথমিক শ্রেনি থেকে ৫ম শ্রেনি পর্যন্ত সবারই বিস্কুটের পরিমাণ (প্রতিদিন ৭৫ গ্রাম) সমান। এক্ষেত্রে প্রাক-প্রাথমিক বা প্রথম শ্রেনির শিক্ষার্থীদের বিস্কুটের পরিমাণ বেশি হয়ে যাচ্ছে, অপরদিকে ৪র্থ বা ৫ম শ্রেণির শিক্ষার্থীদের ক্ষুধা থেকে যাচ্ছে মর্মে পরিদর্শনকালে জানা যায়। এ বিষয়ে শ্রেনিভিত্তি বা চাহিদাভিত্তি ২টি ভিন্ন পরিমাণের বিস্কুটের প্যাকেট বিতরণ করা যায় কিনা তা প্রকল্প কর্তৃপক্ষসহ বাস্তবায়নকারী সংস্থা বিবেচনাপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

২০.৩ বিস্কুটের কার্টুন গ্রহণ, রক্ষণাবেক্ষণ, রেজিস্টার সংরক্ষণ এবং বিতরণ প্রভৃতি কার্যক্রম বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ পাঠদানের পাশাপাশি সম্পন্ন করে থাকেন। এ কর্মযজ্ঞের বিপরীতে তাঁদের কোন ভাতা/ইনসেন্টিভ প্রদান করা যায় কিনা তা এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নকারী সংস্থা বিবেচনাপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

২০.৪ প্রতিদিন একই খাবার হওয়ার কারণে অনেক শিক্ষার্থীদের মধ্যে বাইরে ভ্রাম্যমান হকারদের কাছে বিস্কুট দিয়ে এর পরিবর্তে খোলা খাবার নেয়ার প্রবণতা রয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়। এতে স্বাস্থ্য ঝুঁকি আনয়নসহ প্রকল্পে উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। এ বিষয়ে প্রতিটি বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, অভিভাবকের তদারকিসহ প্রকল্পের মনিটরিং কার্যক্রম বৃদ্ধি করতে হবে।

২০.৫ পরিদর্শিত ১৯নং গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ দেশব্যপি যে সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রকল্পের আওতায় বিস্কুট বিতরণ কার্যক্রমে বিস্কুট বিতরণ ও খাবারের নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করছে না তা প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নকারী সংস্থা খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বিশেষ করে বিস্কুট বেশি বিতরণের উদ্দেশ্যে উপস্থিতি'র হার বেশি দেখানো একদিকে যেমন প্রকল্পের উদ্দেশ্যে ব্যাহত হচ্ছে, অপরদিকে উপস্থিতি'র হার সংক্রান্ত পরিসংখ্যানগত ভুল উঠে আসছে। তাই স্কুল ফিডিং এর নির্ধারিত নিয়মাবলী যথাযথভাবে অনুসরণে লক্ষ্যে প্রকল্প সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নিবিড় তদারকি ও যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২০.৬ প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ফিডিং প্রকল্পের আওতায় চলমান কার্যক্রম জেলা/উপজেলা শিক্ষা অফিস হতে যথাযথ তদারকি ও সমন্বয়ের প্রয়োজন রয়েছে। বিশেষকরে রিমোর্ট এলাকা ও নতুন জাতীয়করণকৃত বিদ্যালয়সমূহ এ কার্যক্রমের নিবিড় তদারকি করতে হবে। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ বাস্তবায়নকারী সংস্থা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

২০.৭ প্রকল্পের বছরভিত্তিক কর্ম-পরিকল্পনা, কর্ম-পরিকল্পনা অনুযায়ী মাসিক অগ্রগতি (IMED/05 ফরমেটে), বিভিন্ন সময় অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটি ও পিআইসি কমিটির সভার কার্যবিবরণী এ বিভাগে নিয়মিত প্রেরণ নিশ্চিত করতে হবে।

২০.৮ উল্লিখিত সুপারিশসমূহের (২০.১-২০.৭ নং অনুচ্ছেদ) আলোকে গৃহীত পদক্ষেপ সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আইএমইডি-কে অবহিত করবে।

<u>পরিদর্শনকারী কর্মকর্তা</u>

০২/০৭/২০১৮

জুয়েল রানা
উপপরিচালক
ফোনঃ ৯১০৩৪১৬